

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:22-10-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Nitin Gadkari-CM Meeting :**

রাজ্যের অর্থনীতির সমৃদ্ধি ও যোগাযোগ ব্যবস্থায় বড় ধরণের অগ্রগতির লক্ষ্যে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রক ২৮০০ কোটি টাকার অধিক আর্থিক প্রকল্প অনুমোদন করেছে। গতকাল দিল্লির বাণিজ্য ভবনে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করির সভাপতিত্বে এবং রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা মানিক সাহার উপস্থিতিতে আয়োজিত এক পর্যালোচনা বৈঠকে ত্রিপুরার জন্য আটটি প্রকল্পের বিষয়ে আলোচনা হয়েছে। এসকল প্রকল্পগুলির মধ্যে রয়েছে - আগরতলা পূর্বাংশ বাইপাসের জন্য ৮০০ কোটি টাকা, ১১ কিলোমিটার প্রসারিত একটি চার লেনের সড়ক, আমতলি থেকে ত্রিপুরা সুন্দরী মন্দির পর্যন্ত সড়ক প্রশস্ত করার জন্য ১৫০০ কোটি টাকা, একটি ৫০ কিলোমিটার সড়ক চার লেনের সড়কে উন্নীত করা, ৪০০ কোটি টাকা ব্যয়ে বানীরবাজার থেকে আইএসবিটি চন্দপুর সড়কটি চার লেনের মাধ্যমে ১০ কিলোমিটার প্রসারিত করা এবং কেন্দ্রীয় সড়ক তহবিলের অধীনে আরো ১০০ কোটি টাকা অতিরিক্ত মণ্ডেজুরি।

\*\*\*\*\*

**President-Water Award :**

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার ২০২৩ প্রদান করবেন। কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রক সেরা রাজ্য, সেরা জেলা, সেরা গ্রাম পঞ্চায়েত, সেরা শহুরে স্থানীয় সংস্থা, সেরা জল ব্যবহারকারী সমিতি এবং সেরা নাগরিক সমাজ

সহ নয়টি বিভাগে ৩৮টি নাম ঘোষণা করেছে। শ্রেষ্ঠ রাজ্য বিভাগে প্রথম পুরস্কার পাচে ওড়িশা, দ্বিতীয় উত্তর প্রদেশ এবং গুজরাট ও পুদুচেরি যৌথভাবে তৃতীয় সেরা হিসেবে নির্বাচিত হয়েছে। সেরা জেলা বিভাগে, উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা রাজ্যের ধলাই জেলা সেরা জেলা হিসেবে চিহ্নিত হয়েছে।

\*\*\*\*\*

#### **Governor Visit :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেছেন, আগরতলা পুর নিগমের জল নিকাশি ব্যবস্থাপনা দেশের বহু রাজ্যের তুলনায় অনেক উন্নত। তবে নর্দমা ব্যবস্থাপনা আরও আধুনিক করে গড়ে তোলার প্রয়োজন রয়েছে। গতকাল আগরতলা শহরের নিকাশি ব্যবস্থা খতিয়ে দেখতে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু ইন্দ্রনগরে আইটি ভবনে অবস্থিত ইন্টিগ্রেটেড কমান্ড কন্ট্রোল সেন্টার পরিদর্শন করেন। পরে, অতিবৃষ্টিতে শহরের সবচাইতে বেশি প্রভাবিত এলাকা আগরতলার বনমালীপুরে অবস্থিত পুর নিগমের পাম্প হাউস পরিদর্শন করেন। এর আগে রাজ্যপাল দেবেন্দ্রনগরস্থিত পুর নিগমের বর্জ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র পরিদর্শন করেন।

\*\*\*\*\*

#### **Sonamura Food Department :**

সোনামুড়া মহকুমা খাদ্য দপ্তর ও মহকুমা প্রশাসন গতকাল সোনামুড়ার নুতন বাজারে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণ মেয়াদ উত্তীর্ণ প্যাকেটজাত খাদ্য সামগ্রী ও রেস্টুরেন্টে বে-আইনি ভাবে ব্যবহার করা ৫টি ডোমেস্টিক সিলিন্ডার বাজেয়াপ্ত করে। তাছাড়া সোনামুড়া স্লুইস গেট সংলগ্ন রাস্তার ধারে বেআইনিভাবে সরকারি জায়গা দখল করে ব্যবসা করে আসা কয়েকজন হকারকে উচ্ছেদ করে এই অভিযানকারী দলটি। অভিযানের নেতৃত্বে ছিলেন সোনামুড়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক রূপন দাস ও ডিসিএম প্রবীর সাহা। অতিরিক্ত মহকুমা শাসক রূপন দাস

জানিয়েছেন অভিযুক্তদের বিরুদ্ধে সুনির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*

#### **Deepabali Meeting North :**

আসন্ন দীপাবলি উৎসব উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে গতকাল এক সভা অনুষ্ঠিত হয়। জেলায় আসন্ন দীপাবলি উৎসব ও কালীপূজা সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, প্রতিটি পূজা কমিটিকে সংশ্লিষ্ট মহকুমা প্রশাসন থেকে পূজা করার জন্য অনুমতি নিতে হবে। তাছাড়া প্রতিটি প্যান্ডেলে নিরাপত্তামূলক বিভিন্ন ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যবস্থা ফার্স্ট এইড বক্স, সিসি ক্যামেরা ইত্যাদি রাখতে হবে। এছাড়া পূজার দিনগুলিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, পূজার প্যান্ডেলে পানীয় জলের ব্যবস্থা, ট্রাফিক নিয়ন্ত্রণ ইত্যাদি বিভিন্ন বিষয় নিয়ে সভায় আলোচনা করা হয়।

\*\*\*\*\*

#### **Tobacco Free Youth Campaign :**

তামাকমুক্ত যুব অভিযানের অঙ্গ হিসাবে গতকাল দক্ষিণ জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের উদ্যোগে বিলোনিয়া মহকুমার কলেজ স্কোয়ার, মতাই বাজার এবং মাইচুড়া বাজার সহ আশেপাশের স্কুল এলাকায় তামাক বিরোধী অভিযান চালানো হয়। অভিযানে তামাক নিয়ন্ত্রণ আইন ভঙ্গের দায়ে ১৪ জন ব্যবসায়ীকে আর্থিক জরিমান করা হয়। ইনস্পেক্টর অফিসার অফ ড্রাগ আদিত্য প্রকাশ চাকমা জানান তামাক আইন সম্পর্কে জনসচেতনতা এবং তামাকের ক্ষতিকারক দিক সম্পর্কে জনগনকে অবহিত করা এই অভিযানের মূল উদ্দেশ্য।

\*\*\*\*\*

#### **N F Railway :**

উৎসব মরসুমে যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই স্পেশাল ট্রেন আগামী ৩১শে অক্টোবর থেকে ৭ই নভেম্বর পর্যন্ত প্রত্যেক বৃহস্পতিবার সকাল ১১টা ৫ মিনিটে মুম্বাইয়ের ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস থেকে রওনা দিয়ে রবিবার রাত ১টা ১০ মিনিটে আগরতলা পৌঁছবে। আগামী তেসরো নভেম্বর থেকে ১০ই নভেম্বর পর্যন্ত ট্রেনটি প্রত্যেক রবিবার বেলা ৩টা ১০ মিনিটে আগরতলা থেকে রওনা দিয়ে বুধবার সকাল ৮টা ২৫ মিনিটে ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস পৌঁছবে।

\*\*\*\*\*

#### **BSF Commemoration Day :**

বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার গতকাল শালবাগান সদর দপ্তরে এক অনুষ্ঠানে পুলিশ স্মৃতি দিবসে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে। অনুষ্ঠান উপস্থিতি বিএসএফের ডিআইজি এস কে সিনহা জাতির সেবা করতে গিয়ে প্রাণ হারানো পুলিশ কর্মীদের সম্মানে পুষ্পস্তবক অর্পণ করেন।

\*\*\*\*\*

#### **Para Swimming :**

গোয়ার পানাজিতে ২৪তম জাতীয় প্যারা সুইমিংয়ের আসরে ত্রিপুরা তিনটি পদক পেয়েছে। সিনিয়র বিভাগে সমীর বর্মণ ও সাব জুনিয়র বিভাগে সুকেশ সরকার দ্বিতীয় স্থান দখল করে রৌপ্য পদক পায়। অরপদিকে জুনিয়র বিভাগে ব্রোঞ্জ পদক পায় বিনীত রায়। পাঁচ সদস্যের রাজ্যদল এই আসরে অংশ নিয়েছে।

\*\*\*\*\*

#### **Women's Football :**

সিনিয়র মহিলাদের জাতীয় ফুটবলের আসরে আজ গ্রন্তিপের দুটি ম্যাচ হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকাল ৯টায় গুজরাট ও

চান্দিগড় এবং বেলা ২টায় ত্রিপুরা ও সিকিম পরস্পরের মুখোমুখি  
হবে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*